ত্রৈমাসিক

# ডাইফ বার্তা

"শোভন কর্মপরিবেশ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ"

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  সংখ্যা ০৩ • এপ্রিল ২০১৮

অধিদপ্তরের কার্যক্রমঃ (অক্টোবর-ডিসেম্বর) ২০১৭

| কার্যক্রম | সংখ্যা |
|---|---|
| পরিদর্শিত কারখানা ও প্রতিষ্ঠান | ১০৭৩৪ |
| অভিযোগ গ্রহণ | ৬৬৫ |
| অভিযোগ নিষ্পত্তি | ৫০৬ |
| শ্রম আইন লঙ্ঘনের দায়ে মামলা | ৩৩০ |
| গণশুনানি নিষ্পত্তি | ৩০২ |
| উদ্বুদ্ধকরণ সভা | ২২৫ |
| নতুন লাইসেন্স | ৪০৬৮ |
| নবায়নকৃত লাইসেন্স | ৩৪৬৯ |
| দেশি/বিদেশি প্রশিক্ষণ | ৫ |
| প্রশিক্ষণে অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী | ১৮৮ |

## ডেনিশ স্কলারশিপে উচ্চতর শিক্ষায় ডাইফ-এর চার কর্মকর্তা

ঝুঁকি ও নিরাপত্তা ব্যবস্থাপনায় দুই বছর মেয়াদী মাস্টার্স করতে ডেনমার্কের আলবর্গ বিশ্ববিদ্যালয় থেকে স্কলারশিপ পেয়েছেন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ)-এর চার কর্মকর্তা। স্কলারশিপ প্রাপ্ত কর্মকর্তাগণ হলেন আবদুল কাইউম, সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, মোঃ মিজানুর রহমান জনি এবং শান্তা দেব মনি।

ডেনিশ সরকারের "ইম্প্রুভিং দ্য হেলথ এন্ড সেইফটি অব ওয়ার্কারস ইন বাংলাদেশ থ্রু দ্য স্ট্রেনদেনিং অব লেবার অথরিটিস"-শীর্ষক বাংলাদেশ ও ডেনমার্ক সরকারের স্ট্র্যাটেজিক সেক্টর কো-অপারেশন চুক্তির আওতায় তারা এই বৃত্তি লাভ করেছেন।



স্কলারশিপ প্রাপ্ত ডাইফ-এর কর্মকর্তাবৃন্দ।

## "ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭" অংশগ্রহণ


তথ্য-প্রযুক্তি খাতে বাংলাদেশের সবচেয়ে বড় এ প্রদর্শনীতে ডাইফ-এর অংশগ্রহণের মাধ্যমে উদ্ভাবনী কার্যক্রম এবং ডিজিটাল সেবাসমূহ উপস্থাপন করা হয়। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ প্রদর্শনী গত ৬ ডিসেম্বর শুরু হয়ে ৯ ডিসেম্বর পর্যন্ত চলে।



## ই-ফাইলিংঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পাক্ষিক র‍্যাংকিং-এ শীর্ষে ডাইফ

ই-ফাইলিং ব্যবস্থাপনায় শীর্ষস্থান অর্জন করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। ১৭ জানুয়ারি, ২০১৮ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের ঘোষিত পাক্ষিক র‍্যাংকিং-এ ২০৯ টি অধিদপ্তর ও সংস্থার মধ্যে ডাইফ ১ম স্থান অর্জন করেছে। সাপ্তাহিক এবং পাক্ষিক র‍্যাংকিং মিলিয়ে দু'মাসের মধ্যে ডাইফ চারবার চ্যাম্পিয়ন হয়।

প্রযুক্তি ব্যবহার করে সহজে এবং স্বল্প সময়ে সেবা প্রদানের লক্ষ্যে ই-ফাইলিং প্রবর্তনে জোর দিয়েছে বর্তমান সরকার। ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প ২০২১ বাস্তবায়নে কার্যকর টুল হিসেবে ব্যবহৃত হচ্ছে ই-ফাইলিং। এজন্য ২০১৮ খ্রিষ্টাব্দের মধ্যে প্রায় ১৯০০০টি সরকারি অফিসে নথি-পত্রাদির ইলেক্ট্রনিক ব্যবস্থাপনা (ই-ফাইলিং) চালু করার পরিকল্পনা গ্রহণ করেছে বর্তমান সরকার। ২০১৭ এর ফেব্রুয়ারিতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে দাপ্তরিক কাজে ই-ফাইলিং ব্যবহার শুরু হয় এবং একই বছরের অক্টোবর হতে শতভাগ কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে।



## "উন্নয়ন মেলা-২০১৮" অংশগ্রহণ

উন্নয়ন মেলা-২০১৮ গত ১১ জানুয়ারি শুরু হয়ে শেষ হয় ১৩ জানুয়ারি ২০১৮। একযোগে দেশের সব জেলা এবং উপজেলায় এ মেলা অনুষ্ঠিত হয়। মেলায় প্রদর্শনী স্টল স্থাপনের মাধ্যমে সরকারের বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, সংস্থার ন্যায় ডাইফ-এর সেবা এবং উন্নয়ন কর্মকাণ্ড উপস্থাপন ও প্রচার করা হয়।




## শিশুশ্রম নিরসনে ডাইফ-এর উদ্যোগ

ঝুঁকিপূর্ণ ১১টি শিল্প খাতকে চিহ্নিত করে শিশুশ্রম নিরসন পরিকল্পনা গ্রহণ করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ)। খাতগুলো হলো অ্যালুমিনিয়াম, তামাক/বিড়ি, সাবান, প্লাস্টিক, কাঁচ, স্টোন ক্রাশিং, স্পিনিং, সিল্ক, ট্যানারি, শিপ ব্রেকিং ও তাঁত।

এ লক্ষ্যে ইতোমধ্যে কর্মপরিকল্পনা ও পরিদর্শন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রথম ধাপে কারখানার মালিক কর্তৃপক্ষের সাথে মতবিনিময় এবং উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হবে। দ্বিতীয় ধাপে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিগণের সাথে মত বিনিময় সভার আয়োজন এবং সর্বশেষ ধাপে শিশুশ্রম নিরসনে নিয়োগকারীদের ইচ্ছাকৃত ব্যর্থতার জন্য আইনি পদক্ষেপ নেয়া হবে।

উল্লেখ্য, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) সঙ্গে সমন্বয়ের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকল ঝুঁকিপূর্ণ সেক্টর থেকে শিশুশ্রম বিলোপ করতে ডাইফ অঙ্গীকারবদ্ধ।

## উপমহাপরিদর্শকদের সঙ্গে সচিবের মত মতবিনিময়

গত ১৪ ডিসেম্বর কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে উপমহাপরিদর্শকদের সঙ্গে মত বিনিময় করেছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব আফরোজা খান। সভায় সার্বিকভাবে অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে সচিবকে অবহিত করা হয়। তিনি অনিবন্ধিত কারখানাকে নিবন্ধিতকরণ, সচেতনতামূলক কার্যক্রম, পরিদর্শন ক্যালেন্ডার, ইনোভেশন কার্যক্রম, ই-নথির ব্যবহার, অনলাইন লাইসেন্সিং এবং কারখানা মালিকগণকে শ্রম আইন পালনে উদ্বুদ্ধকরণে গুরুত্বারোপ করেন।

বাংলাদেশ শ্রম আইন ও বাংলাদেশ শ্রম বিধিমালা বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে গড়ে তোলার জন্য অধিদপ্তরের উপমহাপরিদর্শকগণকে তিনি নির্দেশনা প্রদান করেন। সভা শেষে প্রধান কার্যালয়ে তিনি একটি ডে-কেয়ার উদ্বোধন করেন।



প্রধান কার্যালয়ে ডে-কেয়ার উদ্বোধন করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব আফরোজা খান।

## পাটগ্রামে ডাইফ-এর ফ্রি মেডিকেল ক্যাম্প

পাথর ভাঙ্গা শ্রমিকদেরকে পেশাগত স্বাস্থ্য বিষয়ে সচেতন করতে এবং চিকিৎসা সেবা দিতে পাটগ্রামের বুড়িমারীতে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজন করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। গত ৬ এবং ৭ নভেম্বর ২০১৭ রংপুর উপমহাপরিদর্শকের কার্যালয়ের উদ্যোগে এটি আয়োজন করা হয়।

ক্যাম্পে অধিদপ্তরের চিকিৎসকদের একটি দল ৩৪০ জন সিলিকোসিস আক্রান্ত শ্রমিককে পরামর্শ এবং প্রয়োজনীয় ঔষধ প্রদান করেন। এসময় শ্রমিকদের মাঝে ৩০০টি সেইফটি মাস্ক বিতরণ করা হয়। বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা, পরামর্শ প্রদান এবং ঔষধ বিতরণের পাশাপাশি গুরুতর সিলিকোসিস আক্রান্ত ২০ জন শ্রমিককে পরবর্তী পর্যায়ের চিকিৎসা প্রদানের জন্য গুরুত্বপূর্ণ শারীরিক পরীক্ষায় সহযোগিতা করা হয়।

একমি ল্যাবরেটরিজ, অপসোনিন ফার্মা, সেইফটি এন্ড রাইটস সোসাইটির সহযোগিতায় এই ক্যাম্প আয়োজন করা হয়। বুড়িমারী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ আবু সাইদ নেওয়াজ নিশাত মেডিকেল ক্যাম্প ব্যবস্থাপনায় সার্বিক সহযোগিতা করেন।



মেডিকেল ক্যাম্পে অধিদপ্তরের মহাপরিদর্শক এবং পদস্থ কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় জনপ্রতিনিধি।

**সম্পাদক ও প্রকাশকঃ** মোঃ সামছুজ্জামান ভূইয়া, মহাপরিদর্শক, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। **ইমেইলঃ** ig@dife.gov.bd; **Web:** www.dife.gov.bd

QUARTERLY

# DIFE BULLETIN

"Decent workplace, way forward Bangladesh"

**Department of Inspection for Factories and Establishments (DIFE), Ministry of Labour and Employment** Issue 03 • April 2018

## DEPARTMENT'S ACTIVITIES: (OCTOBER-DECEMBER) 2017

| Activities | Number |
| --- | --- |
| Inspected Factoties & Establishments | 10734 |
| Complaint received | 665 |
| Disposal of Complaint | 506 |
| Case for labour law violation | 330 |
| Disposal of public hearing | 302 |
| Motivational meeting | 225 |
| New License issued | 4068 |
| License renewed | 3469 |
| Training at home and abroad | 5 |
| Participants in trainings | 188 |

## Four DIFE officials get Danish scholarship

Four officials from Department of Inspection for Factories & Establishments (DIFE) got a scholarship from Aalborg University, Denmark in order to pursue 2-year Master course in Risk and Safety Management. They are Abdul Kaium, Shikder Mohammad Towhidul Hasan, Md. Mizanur Raman Jony and Shanta Deb Moni.

They got the scholarship under Strategic Sector Cooperation Denmark-Bangladesh agreement project titled as "Improving the Health and Safety of Workers in Bangladesh through the Strengthening of Labour Authorities".



Scholarship recipients of DIFE.

## "Digital World-2017" Participation


DIFE participated in "Digital World-2017", the biggest exhibition in Information Technology in Bangladesh. The exhibition at the Bangabandhu International Conference Center started on December 6 and continued to December 9. DIFE's digital services including innovative activities were presented in the exhibition.




## E-Filing: DIFE tops the fortnightly ranking done by PMO

DIFE on January 17 has secured the top position among 209 departments and organizations in the fortnightly ranking of E-filing management. In the ranking determined by Access to Information (A2i) project of the Prime Minister's Office (PMO), DIFE became champion four times in two months.

The present government has emphasized on introducing e-filing aiming easy and quick service, delivery and prompt decision. E-filing is used as an effective tool for implementing the Digital Bangladesh Vision-2021. For this reason, the present government has decided to start electronic management of documents (e-filing) at about 19000 government offices by 2018. Introducing e-filing system in Fabruary 2017, DIFE has been doing cent percent of its activities through the system since October last year.



## "Development Fair-2018" Participation

DIFE took part in Development Fair-2018. Three-day long fair started on January 11 and continued to January 13, 2018. The fair held in all the districts and upazilas throughout the country in the same period. Like other government departments and organizations DIFE displayed its services and development activities.




## DIFE's initiative to eliminate child labour

DIFE has taken initiatives to eliminate child labour from 11 hazardous industrial sectors. The sectors are aluminum, tobacco / bidi, soap, plastic, glass, stone crushing, spinning, silk, tannery, ship breaking and weaving.

Inspection plan has been taken for the implementation of the programme. In the first instance, exchange of views, sensitization and motivational meetings with the factory owners or employees will be held. DIFE will discuss and share views with local administration and the public representatives for positive actions in the second steps. And finally, legal action will be initiated against owners' or Employees' failure to eliminate child labour in their respective organisation.

DIFE is committed to eliminate child labour from all hazardous sectors by 2021 in line with the goal of SDGs.

## The Secretary exchanges views with DIGs

Afroza Khan, Secretary-in-charge of the Ministry of Labour and Employment, exchanged views with the Deputy Inspector General (DIGs) of DIFE during her visit at DIFE head office on 14 December.

The Secretary was apprised of the overall activities of the department. She has emphasized on the registration of unregistered factories, creating awareness and innovation programs, preparation of comprehensive inspection calendar, use of e-filing, online licensing etc. She also gave importance in motivational programs with factory owners for compliance with the labor law.

The secretary gave instructions to the DIGs to implement Bangladesh Labour Act and Bangladesh Labour Rules in line with performing duties with devotion to make due progress and development of economic growth of Bangladesh. After the meeting, she inaugurated a day-care centre at DIFE's head office.



Afroza Khan, Secretary-in-charge of the Ministry of Labor and Employment, inaugurated a day-care centre at the head office.

## DIFE arranges free Medical Camp at Patgram

DIFE has arranged a two-day free medical camp on December 6, 2017, at Burimari under Patgram upazila in Lalmonirhat to provide health care to stone crushers and make them aware of their occupational health like silicosis.

A team of doctors prescribed necessary medicines to 340 silicosis affected workers and among them, 20 severely affected workers were assisted for next level of pathological test and treatment.

Besides, 300 safety masks were distributed in the programme organized by DIFE Rangpur office, in association with ACME Laboratories, Opsonin Pharma and other non-government organization known as Safety and Rights Society.

Burimari Union Parishad Chairman Abu Syed Newaz Nishat extended assistance in the event.



Inspector General and other high ups of DIFE along with local representatives at the medical camp.

**Editor & Publisher:** Md. Shamsuzzaman Bhuiyan, IG, 23-24 Karwan Bazar, Dhaka-1215. **E-mail:** ig@dife.gov.bd; **Web:** www.dife.gov.bd